

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 13.10.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর –

- ১) ১০ দফা দাবিতে জুনিয়ার ডাক্তারদের অনশন আন্দোলন আজ নবম দিনে পড়লো। এক গুচ্ছ কর্মসূচীর ঘোষণা চিকিৎসকদের।
- ২) অচলাবস্থা কাটাতে আগামীকাল সবকটি চিকিৎসক সংগঠনকে বৈঠকে ডেকেছে রাজ্য সরকার।
- ৩) বিজেপি জুনিয়ার ডাক্তারদের আন্দোলনে পূর্ণ সমর্থন জানিয়ে সর্বস্তরের নেতা কর্মীদের এতে সামিল হওয়ার আহ্বান জানিয়েছে।
- ৪) দুর্গোৎসবের শেষে রাজ্যের বিভিন্ন নদ-নদীর ঘাটে ঘাটে চলছে নিরঞ্জনের পালা।
- ৫) রাজ্য থেকে মৌসুমী বায়ুর বিদায়ের পথ প্রশস্ত হয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।
- ৬) রঞ্জি ট্রফি ম্যাচে লক্শ্ণৌতে উত্তরপ্রদেশের বিরুদ্ধে প্রথম ইনিংসে এগিয়ে বাংলা।

oooooooooooooooooooooooooooo

১০ দফা দাবিতে জুনিয়র ডাক্তারদের আমরণ অনশন আন্দোলন আজ নবম দিনে পড়েছে। ধর্মতলায় ডোরিনা ক্রুশিং-এ ১৮০ ঘণ্টারও বেশি সময় ধরে আমরণ অনশন করছেন সাত জন ডাক্তার। উত্তরবঙ্গে রয়েছেন আরও এক জন। তিন জন অনশনকারী ইতোমধ্যেই অসুস্থ হয়ে চিকিৎসাধীন। সর্বভারতীয় আইএমএ-র পশ্চিমবঙ্গ শাখা কলকাতা-সহ জেলায় জেলায় ১২ ঘণ্টার প্রতীকী অনশন পালন করছেন। সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত গোটা রাজ্যে প্রতীকী অনশন পালন করছেন তাঁরা। সন্ধ্যায় ধর্মতলায় রাখীবন্ধনে অংশ নেন চিকিৎসক ও সাধারণ মানুষরা।

অনশনরত জুনিয়র ডাক্তারদের প্রতি সংহতি জানিয়ে সিনিয়র ডাক্তাররা আগামীকাল সকাল ছ'টা থেকে বুধবার সকাল ৬ পর্যন্ত ৪৮ ঘণ্টা, আংশিক কর্মবিরতি পালন করবেন।

অন্যদিকে, আগামী ১৫ই অক্টোবর রাজ্য সরকারের দুর্গাপূজো কার্নিভালের দিন বিকেল ৪'টেয় রাণী রাসমণি রোডে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স এবং সহযোগী সংগঠনগুলি 'দ্রোহের কার্নিভাল'-এর ডাক দিয়েছে। অভয়ার ন্যায় বিচার ও হুমকি সংস্কৃতির নিরসন এবং পড়ুয়া চিকিৎসকদের আমরণ অনশন আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে এই কার্নিভাল করা হবে।

এদিকে দেশজোড়া ১২ ঘণ্টা অনশনের ডাক দিয়েছে ইন্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন-আইএমএ। পশ্চিমবঙ্গের জুনিয়র ডাক্তারদের আমরণ অনশনের প্রতি সংহতি জানিয়ে আগামী মঙ্গলবার ভোর ৬টা থেকে অনশনে বসবেন দেশের সব রাজ্যের জুনিয়র চিকিৎসকেরা। আজ আইএমএ (সদর দফতর)-এর পক্ষ থেকে আইএমএ-র সমস্ত রাজ্য ও আঞ্চলিক শাখার প্রধানদের নির্দেশ দিয়ে জানানো হয়েছে, চিকিৎসক আন্দোলনের সংহতিতে জোড়া কর্মসূচি গ্রহণ করা হবে। তাতে নেতৃত্ব দেবেন আইএমএ-জুনিয়র ডক্টর্স নেটওয়ার্ক এবং আইএমএ-মেডিক্যাল স্টুডেন্টস নেটওয়ার্ক-এর সদস্যরা। আগামী মঙ্গলবার সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত দেশের সমস্ত প্রান্তে অনশন পালন করবেন জুনিয়র চিকিৎসকেরা। নিজের নিজের মেডিক্যাল কলেজ ও হস্টেলগুলিতে এই প্রতিবাদ কর্মসূচি তারা পালন করবেন।

উল্লেখ্য, ওই দিনই সুপ্রিম কোর্টে আর জি কর মামলার পরবর্তী শুনানি রয়েছে।

এদিকে আর জি কর হাসপাতালের ঘটনার প্রতিবাদ জানানোর পাশাপাশি জুনিয়র ডাক্তারদের আন্দোলনকে সমর্থন জানিয়ে সাত জন সংহতি অনশনে বসেছেন শিলিগুড়ি ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সাত সদস্য। অনশন শুরু হয়েছে সকাল দশটায় এবং চলবে রাত দশটা পর্যন্ত।

চিকিৎসকদের পাশাপাশি আজ অরক্ষন পালন আরজিকরের নিহত তিলোত্তমার বাবা মা। ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের প্রাক্তন সিপিআই-এম সাংসদ তড়িৎ বরন তোপদার আজ সোদপুরে আরজি-করে নিহত ডাক্তারি পড়ুয়ার বাড়িতে দেখা করতে যান। কথা বলেন বাবা মা, পরিবার পরিজনদের সঙ্গে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কাভের প্রতিবাদ এবং ১০ দফা দাবিতে জুনিয়ার ও সিনিয়ার চিকিৎসকদের আন্দোলনের তীব্রতা বৃদ্ধির মধ্যেই অচলাবস্থা কাটাতে আগামীকাল বৈঠক ডেকেছে রাজ্য সরকার। দুপুর সাড়ে ১২-টায় স্বাস্থ্য ভবনে এই বৈঠক হওয়ার কথা। মুখ্য সচিব মনোজ পন্থ ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন সহ সব চিকিৎসক সংগঠনগুলিকে বৈঠকে উপস্থিত থাকতে বলেছেন বলে নবান্ন সূত্রের খবর। প্রতিটি সংগঠন থেকে দু-জন করে প্রতিনিধিকে যোগ দেবার কথা বলা হলেও সংগঠনগুলি সেখানে উপস্থিত থাকবেন কিনা সে বিষয়ে স্পষ্ট ইঙ্গিত মেলেনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি করি ইস্যুতে বর্তমান অবস্থার প্রেক্ষিতে দুই পক্ষের মধ্যে মধ্যস্থতা করতে চেয়ে বিশিষ্টজনদের একাংশ রাজ্য সরকার ও আন্দোলনরত চিকিৎসকদের চিঠি দিয়েছেন। অভিনেতা, পরিচালক অপর্ণা সেন, চিত্র পরিচালক কমলেশ্বর মুখোপাধ্যায়, পরমব্রত চট্টোপাধ্যায়, সিলেবাস কমিটির প্রধান অভীক মজুমদারের, মত বিশিষ্টজনরা আজ সকালে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মুখ্য সচিব মনোজ পন্থ এবং জুনিয়ার চিকিৎসকদের সংগঠন ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টরস ফ্রন্টকে ই-মেইল করে এই প্রস্তাব দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। চিঠিতে চিকিৎসকদের স্বাস্থ্যের অবনতি নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। বিশিষ্টজনদের তরফে এই উদ্যোগে আস্থা রেখে অনশন প্রত্যাহার করারও আবেদন জানানো হয়েছে।

অন্যদিকে চিকিৎসকদের মর্যাদা দিয়ে বক্তব্য শোনার জন্য তাঁরা রাজ্য সরকারকেও নমনীয় হতে বলেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি জুনিয়ার ডক্টর ফ্রন্টের আন্দোলনের প্রতি পূর্ণ সমর্থন জানিয়েছে। দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ এক প্রেস বিবৃতিতে দলের সর্বস্তরের নেতা-কর্মীদের এই আন্দোলনে সামিল হতে বলেছেন। পাশাপাশি সাধারণ নাগরিকদেরও তিনি ডাক্তারদের পাশে দাঁড়ানোর আর্জি জানিয়েছেন। বিবৃতিতে বলা হয়েছে, আর জি কর-এ চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ এবং হত্যার প্রেক্ষিতে প্রতিবাদরত চিকিৎসকদের দাবিগুলি অত্যন্ত যুক্তি সঙ্গত। পশ্চিমবঙ্গ সরকার চিকিৎসকদের সঙ্গে বৈঠকে যে সকল প্রতিশ্রুতি দিয়েছিল, সেগুলি এখনও পূরণ করা হয়নি। অপশক্তির হাত থেকে রাজ্যকে বাঁচাতে সকলকেই এগিয়ে আসতে হবে বলেও ডক্টর মজুমদার আহ্বান জানিয়েছেন।

oooooooooooooooooooo

সিপিআইএমএল লিবারেশন আন্দোলনরত জুনিয়ার ডাক্তারদের সঙ্গে অবিলম্বে আলোচনায় বসার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে অনুরোধ জানিয়েছে। দলের তরফে মুখ্যমন্ত্রীকে লেখা এক চিঠিতে বলা হয়েছে, ২ মাসের বেশি অতিক্রান্ত হলেও ন্যায় বিচারের দাবিতে মানুষের আন্দোলন তীব্রতর হয়েছে। জনমতের চাপে রাজ্য সরকার আন্দোলনকারীদের সঙ্গে বৈঠক করে দাবি পূরণের প্রতিশ্রুতি দিলেও তা পূরণ করা হয়নি। পাশাপাশি রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা দুর্নীতিতে ভরে গেছে। এই পরিস্থিতিতে অবিলম্বে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ করা উচিত বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooo

আর জি কর কাণ্ডে প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই কলকাতার এস এস কে এম হাসপাতালে দুষ্কৃতিদের বিরুদ্ধে তান্ডব চালানোর অভিযোগ উঠেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, আজ সকাল ৮টার পর এসএসকেএমে বাইক নিয়ে ঢুকে পড়েন কয়েক জন। তাঁদের হাতে ছিল হকি স্টিক এবং উইকেট। ট্রমা সেন্টারে চিকিৎসাধীন এক রোগীর আত্মীয়কে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। ঘটনাস্থলে পুলিশ থাকলেও তারা গন্ডগোল থামাতে এগিয়ে আসেনি বলে একাধিক জুনিয়র ডাক্তাররা অভিযোগ করেছেন। রাজ্য সরকার ৯০ শতাংশ নিরাপত্তা ব্যবস্থার কথা বললেও এরকম হামলা কিভাবে, সেই প্রশ্ন তুলেছেন চিকিৎসকরা।

oooooooooooooooooooo

দুর্গোৎসবের শেষে এবার উমাকে বিদায় জানানোর পালা। রাজ্যের বিভিন্ন নদনদীর ঘাটগুলিতে চলছে প্রতিমা নিরঞ্জন। গতকাল মূলত পারিবারিক ও বনেদী বাড়ির পুজোর প্রতিমা

নিরঞ্জন হয়েছে। কলকাতার বাবুঘাট, দইঘাট, জাজেশ ঘাট, আহিরীটোলা, বাগবাজার, রতনবাবুর ঘাটে চলছে প্রতিমা নিরঞ্জন পর্ব। গুরুত্বপূর্ণ ঘাটগুলিতে অতিরিক্ত পুলিশ কর্মী ছাড়াও দুর্ঘটনা এড়াতে বিপর্যয় ব্যবস্থাপনা দফতরের উদ্ধারকারী দল মোতায়েন রয়েছে। রয়েছে পর্যাপ্ত সিসিটিভি ক্যামেরা এবং আলোর ব্যবস্থা।

গঙ্গার ঘাটগুলিতে প্রতিমা নিরঞ্জনের সঙ্গে সঙ্গে তুলে ফেলা হচ্ছে কাঠামো। রাখা হয়েছে পর্যাপ্ত আলোর ব্যবস্থা। পুর ও নগরোন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম গতকালের পর আজও বাবুঘাটে পরিদর্শনে যান।

এদিকে, প্রতিমা নিরঞ্জন দেখতে ঘাটগুলিতে বহু মানুষ সমবেত হয়েছেন।

উত্তর ২৪ পরগনার টাকির ইচ্ছামতী নদীতে আজ ভারত – বাংলাদেশ যৌথ নিরঞ্জন দেখতে ভীড় জমান দেশ – বিদেশের পর্যটকরা। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন,

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে, আগামী ১৫-ই অক্টোবর মঙ্গলবার কলকাতায় পুজো কার্নিভালের আয়োজন করছে রাজ্য সরকার। জেলাগুলিতে আগামীকাল কার্নিভাল অনুষ্ঠি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এবার পুজো কার্নিভাল বয়কটের ডাক দিয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিরোধী দলনেতা বলেছেন, এবার পুজো হয়েছে, উৎসব হয়নি। মানুষ বেরিয়েছেন কিন্তু উচ্ছ্বাস ছিল না। তাই, এবার কার্নিভাল বয়কট করে একটা বার্তা দিতে হবে।

তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ বলেছেন, কার্নিভাল বাংলার ঐতিহ্যকে তুলে ধরার একটা অনুষ্ঠান। ডাক্তাররা দ্রোহের কার্নিভাল আয়োজন করে এই ঐতিহ্যকে আঘাত করতে চাইছেন।

(বাইট – কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ বঙ্গোপসাগরে ঘূর্ণাবর্ত সৃষ্টির সম্ভাবনার প্রেক্ষিতে আগামী ১৭ তারিখ থেকে দু-তিনদিন রাজ্যের প্রায় সর্বত্রই বৃষ্টির পরিমাণ বাড়বে। তবে, ভারী বৃষ্টির সম্ভাবনা কম বলে আবহাওয়া দফতর জানিয়েছে। পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন -

(বাইট - সোমনাথ)

এদিকে, উত্তর-পশ্চিম দিক থেকে শুষ্ক হাওয়া রাজ্যে ইতিমধ্যেই ঢুকতে শুরু করায় বেশ কয়েকটি জেলা থেকে মৌসুমী বায়ু প্রত্যাগমনের পথ প্রশস্ত হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

লখনউয়ের একানা ক্রিকেট স্টেডিয়ামে রঞ্জি ট্রফি ম্যাচে বাংলা উত্তর প্রদেশের বিরুদ্ধে প্রথম ইনিংসে এগিয়ে গেছে। আজ উত্তর প্রদেশের প্রথম ইনিংস ২৯২ রানে শেষ হয়ে যায়। বাংলার মুকেশ কুমার ও শাহবাজ আহমেদ চারটি করে উইকেট নিয়েছেন। এরপর দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে বাংলা দিনের শেষে বিনা উইকেটে ১৪১ রান করেছে। অভিমন্যু ঈশ্বর ৭৮, সুদীপ চ্যাটার্জী ৫৯ রানে অপরাজিত আছেন। বাংলা প্রথম ইনিংসে করেছিলো ৩১১ রান। বর্তমানে বাংলা উত্তর প্রদেশের থেকে ১৬০ রানে এগিয়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০